



বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।

ডেট ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট

ডিএমডি সাকুলার লেটার নং-০২

তারিখঃ ০৯ বৈশাখ, ১৪২৭ বাং
২২ এপ্রিল, ২০২০ইং

প্রধান নির্বাহী কর্মকর্তা/ব্যবস্থাপনা পরিচালক,
সকল তফসিলি ব্যাংক(ইসলামী শরীয়াহ্ ভিত্তিক পরিচালিত ব্যাংক ব্যতীত)

সীমিত ব্যাংকিং ব্যবস্থার আওতায় এনআরবি বন্ড নগদায়ন ও কুপন প্রদান সংক্রান্ত কার্যক্রম চালুকরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন এর গত ০৫/০৪/২০২০ তারিখের ডিওএস সাকুলার লেটার-০৯ মোতাবেক বিভিন্ন ব্যাংকিং লেনদেন/কার্যক্রমের পাশাপাশি ব্যাংকের সংশ্লিষ্ট গ্রাহকের বিভিন্ন জাতীয় সঞ্চয় সার্টিফিকেট মেয়াদপূর্তিতে নগদায়ন এবং কুপনের অর্থ পরিশোধের কার্যক্রম চালু রয়েছে।

এ মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়েছে যে, উক্ত কার্যক্রম পরিচালনার পাশাপাশি এনআরবি বন্ড (ওয়েজ আর্নার ডেভেলপমেন্ট বন্ড, ইউএস ডলার ইনভেস্টমেন্ট বন্ড এবং ইউএস ডলার প্রিমিয়াম বন্ড) এর নগদায়ন (মেয়াদপূর্তির পূর্বে ও মেয়াদপূর্তির পর) ও কুপন প্রদান সংক্রান্ত কার্যক্রম চালু থাকবে।

এ প্রেক্ষিতে, এনআরবি বন্ডসমূহের নগদায়ন ও কুপন প্রদান (বিক্রয়/পুনঃবিনিয়োগ ব্যতীত) সংক্রান্ত সেবা ব্যাংকিং সময়ের মধ্যে চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাদেরকে নির্দেশনা প্রদান করা হলো।

এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ খুরশীদ আলম)
মহাব্যবস্থাপক
ফোন: ৯৫৩০১৩১

ই-মেইল: khurshid.alam@bb.org.bd